

স্বারক নং : ২০২৪/৮০-ইউ-

তারিখ \_\_\_\_\_  
১৭ বৈশাখ, ১৪২২  
৩০ এপ্রিল, ২০১৫

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল সরকারি মাধ্যমিক স্কুল/ সরকারি কলেজ/ সরকারি মাদ্রাসা/ সরকারি টি.টি কলেজ/ গভঃ কমার্শিয়াল ইনসিটিউট সমূহের ডাইনামিক ওয়েবসাইট তৈরি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের সকল সরকারি মাধ্যমিক স্কুল/ সরকারি কলেজ/ সরকারি টি.টি কলেজ/ গভঃ কমার্শিয়াল ইনসিটিউট সমূহের শেখা-শেখানো অধিকতর ফলপ্রসূ করা এবং সকল কার্যক্রমে স্বচ্ছতা ও জবাদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট থাকা প্রয়োজন। এমতাবস্থায় শিক্ষা প্রতিষ্ঠানের সকল তথ্য ও কার্যক্রম নিম্নবর্ণিত ফিচার সম্বলিত (প্রযোজ্য ক্ষেত্রে) ডাইনামিক ওয়েবসাইট তৈরি ও .edu.bd ডোমেইন নিবন্ধন পূর্বক দেশের স্বনামধন্য প্রতিষ্ঠানে হোস্টিং করে আগামী ৩০/০৫/২০১৫ তারিখের মধ্যে ওয়েবসাইটের ঠিকানা জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

● বর্তমান শিক্ষার্থী, শিক্ষক ও ৩য়-৪র্থ শ্রেণির কর্মচারীদের ছবিসহ ডাটাবেস।	● অনলাইনে ভর্তি পরীক্ষা ব্যবস্থাপনা ও শিক্ষার্থী ভর্তি কার্যক্রম অনলাইনে পরিচালনা করা।
● মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষার্থীদের ফিস গ্রহণ।	● অভিভাবক ও শিক্ষার্থীদের নিকট এসএমএস নোটিফিকেশন প্রেরণ।
● প্রতিষ্ঠানের সকল অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল তৈরি ও অনলাইনে ডাউনলোডের সুবিধা।	● শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের প্রাত্যহিক হাজিরার তথ্য প্রদান।
● ছাড়পত্র, প্রশংসাপত্র, প্রত্যয়নপত্র, টটলিস্ট ইত্যাদি তৈরির ব্যবস্থা।	● শিক্ষক/কর্মচারীদের ছুটি ব্যবস্থাপনা, স্যালারি সিট তৈরি ও প্রতিষ্ঠানের একাউন্টস।
● শিক্ষক ও কর্মচারীদের সৃষ্টিপদ, কর্মরত জনবল ও শূন্যপদের তথ্য।	● প্রতিষ্ঠানের ইতিহাস, ভৌত অবকাঠামো, মাস্টারপ্লান, একাডেমিক ক্যালেন্ডার, ছুটির তালিকা ও ক্লাস রুটিন।
● নোটিশবোর্ড, ক্রলসহ প্রতিষ্ঠানের সর্বশেষ সংবাদ, ক্লাস রুটিন, পাঠক্রম, সহশিক্ষাক্রমিক কার্যাবলি।	● প্রযোজনীয় ও গুরুত্বপূর্ণ ওয়েবসাইটের লিংক।
● পাবলিক ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ভিত্তিক কর্ণার, শিক্ষক কর্ণার শিক্ষার্থী কর্ণার, অভিভাবক কর্ণার।	● ফটো গ্যালারী, প্রতিষ্ঠান প্রধানের বাণী, প্রতিষ্ঠান প্রধানকে ই-মেইল করার অপশন ও যোগাযোগের ঠিকানা।
● বিভিন্ন প্রকার কন্টেন্ট ডাউনলোড কর্ণার।	● কৃতি শিক্ষার্থীদের তথ্য, প্রাক্তন প্রতিষ্ঠান প্রধানগণের তথ্যাবলী ও প্রতিষ্ঠানের বিভিন্ন পাবলিক পরীক্ষার ফলাফল।
● কার্যনির্বাহী পর্ষদ/একাডেমিক কাউন্সিলের পরিচিতি, ওয়েবসাইটে অনলাইন ভিজিটর ও মোট ভিজিটর কাউন্টার।	● ওয়েবসাইট কন্ট্রোল প্যানেল।

*মোঃ ফেরেৎ আলোক*  
(প্রফেসর এস.এম ওয়াহিদুজ্জামান)

পরিচালক (কলেজ ও প্রশাসন)

ফোন : ০২-৯৫৬৩৪৩৯

#### বিতরণ :

১. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)। (বিজ্ঞপ্তি তাঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানে প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধ সহ)।
২. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)। (বিজ্ঞপ্তি তাঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানে প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধ সহ)।  
অনুলিপি সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

  ১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  ২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
  ৩. পরিচালক (মাধ্যমিক/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ/ মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন/ ফিন্যাঙ্গ এন্ড প্রকিউরমেন্ট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
  ৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড ----- (সকল)।
  ৫. জেলা প্রশাসক (সকল)।
  ৬. পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
  ৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
  ৮. সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল। (মাউশি অধিদপ্তর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
  ৯. প্রতিষ্ঠান প্রধান ----- (সকল)।
  ১০. অফিস কপি।